



ফরিদপুর পৌরসভা

১৮৬৯

১৭৬০ সালে ফরিদপুরে বৃত্তিশ শাসনের ছোঁয়া লাগে। ১৮০০ শতাব্দীর শেষের দিকে এবং উনিশ শতকের গোড়ার দিকে শহরে গড়ে উঠতে থাকে ইট পাথরের ভবনাদি পাশ্চাত্য নকশার বাংলোসমূহ। ১৮৬৩ সালের আইনগত অধ্যাদেশ অনুযায়ী ফরিদপুর পৌরসভা ১৮৬৯ সালে স্থাপিত হয়।

২২.৩৯ বর্গকিলোমিটার আয়তনের ফরিদপুর পৌরসভায় ৯টি ওয়ার্ড রয়েছে। ফরিদপুর পৌরসভা একটি ক শ্রেণীর পৌরসভা। ফরিদপুর পৌরসভা ১৯৮৩ সালে “গ” থেকে “খ” শ্রেণীতে এবং ১৯৮৬ সালে “খ” থেকে “ক” শ্রেণীতে উন্নতি হয়।

ফরিদপুর পৌরসভায় রয়েছে ১৪ টি মৌজা, , ২৭ টি ওয়ার্ড ও ৩৬ টি মহল্লা।

বিগত ২০ বছরে শহরের জনসংখ্যা অনেকগুণ বেড়েছে। ১৯৯১ সালের আদম শুমারী অনুযায়ী জনসংখ্যা ছিল ৬৮,৯৩৮ জন, ২০০১ সালে ছিল ৯৯,৯৪৫, যা বর্তমানে বেড়ে দাঢ়িয়েছে ১,৪৬,৯২১ জন। জন সংখ্যা বৃদ্ধির হার প্রায় ৪। এভাবে বাড়তে থাকলে আগামী ২০৩০ সালে পৌরসভার জনসংখ্যা হবে ৩,২১,৯২২ জন। ফরিদপুর শহরের ভিতরে অবস্থিত কুমার নদী কার্যত পৌর এলাকাকে দু'ভাগে বিভক্ত করেছে। পৌরসভার মধ্য দিয়ে ঢাকা বরিশাল রোড অবস্থিত।